

তারিখঃ ১৭/০৭/২০২৩

বরাবর

প্রধান শিক্ষক,
ইসলামিক এডুকেশনাল ট্রাস্ট (আই.ই.টি) সরকারি উচ্চ বিদ্যালয়
নারায়ণগঞ্জ।

বিষয়ঃ পবিত্র হজ্জ প্রতিপালন শেষে কর্মস্থলে যোগদান প্রসঙ্গে।

সূত্রঃ মাউশি অধিদপ্তরের স্মারক নম্বরঃ ৩৭.০২.০০০০.১০৬.২৫.০০২.১৮.১০৪৬ তাং ১৮/০৫/২০২৩ খ্রী.

জনাব,

যথাবিহিত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, সূত্রোক্ত স্মারক মোতাবেক আমাকে সৌদি আরবে পবিত্র হজ্জব্রত পালনের লক্ষ্যে মাউশি অধিদপ্তর হতে ২১/০৫/২০২৩ খ্রী. হতে ০৪/০৭/২০২৩ খ্রী. পর্যন্ত ৪৫ দিনের অথবা যাত্রার তারিখ হতে ৪৫ দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুর করা হয়। আমি ২৮/০৫/২০২৩ খ্রী হতে ১৬/০৭/২০২৩ খ্রী পর্যন্ত ৫০ দিন সৌদি আরবে পবিত্র হজ্জব্রত পালন শেষে ১৬/০৭/২০২৩ খ্রী দেশে ফিরে আসি। আমি অদ্য ১৭/০৭/২০২৩ খ্রী পূর্বাঙ্কে নিজ কর্মস্থলে যোগদান করতে ইচ্ছুক।

অতএব বিনীত প্রার্থনা অদ্য পূর্বাঙ্কে নিজ কর্মস্থলে আমার যোগদান পত্র গ্রহন করতে জনাবের মর্জি হয়।

বিনীত নিবেদক

(মোহাম্মদ শামসুল আরেফিন)

সিনিয়র শিক্ষক (ব্যবসায় শিক্ষা)

ইসলামিক এডুকেশনাল ট্রাস্ট (আই.ই.টি) সরকারি উচ্চ বিদ্যালয়
নারায়ণগঞ্জ।

